

দেশের প্রথম কালচারাল  
ইউনিভার্সিটির যাত্রা  
শুরু আজ ত্রিশালে

ময়মনসিংহ সংবাদদাতা

প্রতীকার পালা শেষ। আজ রবিবার  
বৃহত্তর ময়মনসিংহের দুই কোটি মানুষের  
পালিত স্বপ্ন জাতীয় কবি কাজী নজরুল  
ইসলাম ইউনিভার্সিটির যাত্রা শুরু হচ্ছে।  
আজ সকাল ১০টায় শুরু হচ্ছে অনার্স প্রথম  
বর্ষের শিক্ষার্থীদের ভ্রাস।

ময়মনসিংহ জেলা পদর থেকে ২০  
কিলোমিটার দূরে ঢাকা-ময়মনসিংহ  
— মহাসড়কের পাশে ত্রিশাল উপজেলার  
নামাপাড়ায় সুকনি বিলের প্রান্তরে নজরুল  
ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হয়েছে। এটি  
বাংলাদেশের প্রথম ও  
একমাত্র কালচারাল

প১১ ক ১

দেশের প্রথম কালচারাল ইউনিভার্সিটির

(প্রথম পৃষ্ঠার পর)

ইউনিভার্সিটি। ২০ একর জমির ওপর গড়ে  
উঠেছে ইউনিভার্সিটির ক্যাম্পাস।  
দীর্ঘ ২৬ বছর ধরে ত্রিশালবাসীর প্রাণের দাবি  
ছিল জাতীয় কবি কাজী নজরুল ইসলামের  
বাল্যস্মৃতি বিজড়িত ত্রিশালের নামাপাড়ায়  
তার নামে একটি পূর্ণাঙ্গ ইউনিভার্সিটি  
স্থাপনের। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া  
ত্রিশালবাসীর এ প্রাণের দাবির প্রতি  
একাত্তর প্রকাশ করে একনেকে তা  
অনুমোদন করেন এবং ২০০৫ সালের ১ মার্চ  
ইউনিভার্সিটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।  
সময়ের দীর্ঘ পথ পরিক্রমায় আজ ২০০৬-০৭  
শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থীদের  
বরণ করে নিতে উন্মূখ হয়ে আছে সদ্য  
নির্মিত ক্যাম্পাসের একাডেমিক ও প্রশাসনিক  
ভবন।

১৮০ ছাত্রছাত্রী, ছয় শিক্ষকসহ (আরো  
নিয়োগ প্রক্রিয়াধীন) প্রায় ৩০-৩৫ কর্মকর্তা-  
কর্মচারী নিয়ে পাঠ্য কার্যক্রম চালু হচ্ছে এ  
ইউনিভার্সিটিতে। আজ পাঠ্য কার্যক্রম  
উদ্বোধন উপলক্ষে শুভেচ্ছা বক্তব্য রাখবেন  
ড. আশরাফ সিদ্দিকী ও ডিসি ড. এম  
শামসুর রহমান।  
এদিকে শিক্ষক-কর্মকর্তাদের জন্য নির্মিত  
ভবনটির ভবন ২৫ এপিলের মধ্যে

কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করার কথা  
থাকলেও এখনো তা করা হয়নি। ফলে তারা  
ওই ভবনে এখনো উঠতে পারছেন না।  
তরুণতাই থাকছে চার সাবজেক্ট : ফার্স্ট স্টেপে  
দুটি অনুষদের আওতা চারটি সাবজেক্টে  
পাঠদান করা হবে। কলা অনুষদে থাকছে  
বাংলা, ইংরেজি ও সঙ্গীত এবং বিজ্ঞান  
অনুষদে কমপিউটার সায়েন্স অ্যান্ড  
ইঞ্জিনিয়ারিং।

ফার্স্ট ডিসি : এ ইউনিভার্সিটির ফার্স্ট ডিসি  
হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন রাজশাহী  
ইউনিভার্সিটির লোক প্রশাসন বিভাগের  
চেয়ারম্যান প্রফেসর ড. এম শামসুর  
রহমান। শুরুতে ডিসি এ ইউনিভার্সিটির  
প্রকল্প পরিচালক ছিলেন।

ডিসির কথা : ডিসি প্রফেসর ড. এম শামসুর  
রহমান বলেন, এ ইউনিভার্সিটির লেখাপড়া  
ও জ্ঞান চর্চার মান হবে বিশ্বমানের।  
আলোকিত মানব সম্পদ গড়ে তুলতে এ  
ইউনিভার্সিটি বিশেষ ভূমিকা রাখবে।

কবি নজরুল ইসলাম ইউনিভার্সিটিতে  
ধূমপান ও রাজনীতি সম্পর্ক নিষিদ্ধ। গত ১০  
মে ইউনিভার্সিটিতে জর্জির দিন শিক্ষার্থীদের  
উদ্দেশে ডিসি স্পষ্ট জাযায় জানিয়ে দিয়েছেন,  
ধূমপান করলেও রাজনীতিতে জড়ালে  
স্টুডেন্টশিপ বাতিল করে দেয়া হবে।